যুগান্তর

তারিখ ... [illegible] ...
পৃষ্ঠা ... [illegible] কলাম ... [illegible] ...

# চার্বি শিক্ষক হওয়ার আশায় জবির দুই শিক্ষকের উচ্ছৃঙ্খল আচরণ!

(শেষ পৃষ্ঠার পর)

সংস্কৃতি বিভাগের একজন শিক্ষক, এক ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় যাকে বিভাগীয় কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে, তিনিও হাতাহাতির ঘটনায় ছিলেন। এর বাইরে অন্য যেসব শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে ধস্তাধস্তিতে জড়িয়েছেন, তাদের ভূমিকাও ছিল প্রশ্নবিদ্ধ। উপাচার্যের 'সুদৃষ্টি' পেতে অতি উৎসাহ থেকেই তারা এমনটি করেছেন বলে অভিযোগ সংশ্লিষ্টদের।

এদিকে শিক্ষক-শিক্ষার্থী হাতাহাতি ও ধস্তাধস্তির ঘটনায় ৩ জন সহকারী প্রক্টরের মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর অধ্যাপক মো. ফজলুর রহমানকে প্রধান করে গঠিত ওই তদন্ত কমিটির অন্য দুই সদস্য হলেন— অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ ও অধ্যাপক ড. মো. মাকসুদুর রহমান। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সম্মতিতে এ কমিটি গঠন করা হয়েছে বলে যুগান্তরকে জানান ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী। তিনি জানান, দ্রুততম সময়ের মধ্যে তদন্ত কমিটিকে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

অন্যদিকে এ ঘটনা নিয়ে শিক্ষার্থীদের অবস্থান এবং পরবর্তী কর্মসূচি ঘোষণা করতে আজ বেলা ১২টায় বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন ডেকেছে শিক্ষার্থীরা। এ বিষয়ে আন্দোলনকারী ছাত্রী উম্মে হাবিবা বেনজির যুগান্তরকে বলেন, শনিবার বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকরা যে ধরনের আচরণ করেছেন তা কোনো সভ্য সমাজে চিন্তাও করা যায় না। আমরা এ ঘটনার প্রতিবাদে এবং পরবর্তী কর্মসূচি নির্ধারণে সোমবার বেলা ১২টায় সংবাদ সম্মেলন করব।

প্রসঙ্গত, শিক্ষার্থীদের প্রতিবাদ বিক্ষোভ, শিক্ষক-শিক্ষার্থীর ধস্তাধস্তির মধ্য দিয়ে শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিনেট অধিবেশন অনুষ্ঠিত হয়। এতে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিককে রেখে ৩ সদস্যের উপাচার্য প্যানেল মনোনয়ন করা হয়েছে।

প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় বিনা ভোটে তিন সদস্যের এ প্যানেল চূড়ান্ত হয়। ১০৫ সদস্যবিশিষ্ট সিনেটের অর্ধেক আসন শূন্য রেখে অনুষ্ঠিত এ নির্বাচন বর্জন করে বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের সাদা দল এবং বিরোধিতা করে আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের নীল দলের একটি অংশ। ছাত্র প্রতিনিধি নির্বাচন না দিয়ে সিনেট অধিবেশন আহ্বানের বিরোধিতা করে এক দল শিক্ষার্থী। আন্দোলনকারী এসব শিক্ষার্থীর সঙ্গে শিক্ষকদের একটি অংশের হাতাহাতির ঘটনা ঘটে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
উপ-পরিচালক, পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
[illegible] কর্মকর্তা
[illegible]
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর